# সিলেট ল' কলেজ, সিলেট

স্মারক নং- ১৭(৭৬১)সি/ল/ক/রেজিঃ/এল.এল.বি.শেষপর্ব ভর্তি/২০২৫(২) তারিখঃ ১২/০৬/২০২৫

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের এল-এল.বি শেষপর্ব ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

**(www.sylhetlawcollege.com/admission)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সিলেট ল' কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এলএল.বি. (ফাইনাল) শেষপর্ব কোর্সে ভর্তি আগামী ২৬/০৬/২০২৫ তারিখ হইতে আরম্ভ হইবে।

জুলাই ২০২৫ইং হতে জুন ২০২৬ইং পর্যন্ত বেতন, অন্যান্য ফিস সহ ভর্তি ফিস ঃ ১৫৭০০/-

### ১। আবেদনকারীর আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত এলএল.বি. ১মপর্ব পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীবৃন্দ এলএল.বি. শেষপর্বে ভর্তি হতে পারবে।

খ) আবেদনকারীকে নির্দিষ্ট(www.sylhetlawcollege.com) website-এ এলএল.বি. ফাইনাল কোর্সের ক্ষেত্রে LL.B FINAL PART অপশনের Our Student Only তে গিয়ে এলএল.বি. ১মপর্বের রেজিষ্ট্রেশন নম্বর ও সেশন এন্ট্রি করে Find অপশনে ক্লিক করলে website-এ প্রদর্শিত তথ্য ছকের সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

গ) যে সকল আবেদনকারী অন্য কলেজ হতে এলএল.বি.১মপর্ব সম্পন্ন করেছে তারা একই website-এ (New Student Only) অপশনের মাধ্যমে আবেদন করতে পারবে। এক্ষেত্রে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য সঠিক ও নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) প্রার্থী বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্য কোন কোর্সে ভর্তি নাই, এই মর্মে একটি অঙ্গিকার নামা অনলাইনে প্রদর্শিত হওয়ার পর তাতে প্রার্থী সম্মত থাকলে **Agree** অপশন সিলেক্ট করতে হবে।

ঙ) এ পর্যায়ে প্রার্থী তার স্নাতক পর্যায়ে অর্জিত সনদ ও মার্কশীট স্ক্যান করে অনলাইনে প্রদর্শিত নির্ধারিত অপশনে আপলোড করতে হবে। সনদ ও মার্কশীট প্রতি স্ক্যান কপির সর্বোচ্চ সাইজ হবে 200kb।

চ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type:jpg Ges maximum file size:50kb.

ছ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে আবেদনফরম ও ফিস ডিপোজিট স্লিপ ডাউনলোড করে [A4(8.5"×11") অপসেট সাদা কাগজে] প্রিন্ট নিতে হবে।

জ) আবেদন ফরমের প্রিন্ট কপিসহ প্রার্থীর স্নাতক(পাস} অথবা স্নাতক(সম্মান) পাশের সনদ ও নম্বরপত্র এবং এলএল.বি. ১মপর্বের অনলাইন নম্বরপত্র, রেজিষ্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে কলেজে জমা দিতে হবে।

ঝ) আবেদনকারী Fees Deposit Slip টি [A4(8.5"×11") অপসেট সাদা কাগজে] প্রিন্ট নিয়ে ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক লিমিটেড, শাহজালাল উপশহর শাখা, রোজভিউ কমপ্লেক্স(২য় তলায়) প্রদানপূর্বক ঐদিনই আবেদন ফরমসহ Fees Deposit Slip টি সকাল ১০.০০টা থেকে ২.০০টার মধ্যে কলেজের জমা দিয়ে ভর্তি রোল সংগ্রহ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

### ২। আবেদনের সময়সূচীঃ-

| ক্রম | বিবরণ | তারিখ ও সময় |
|---|---|---|
| ০১। | অনলাইনে আবেদন করার তারিখ | ২৬/০৬/২০২৫ থেকে ১৪/০৭/২০২৫ |
| ০২। | আবেদন ফি জমার তারিখঃ [ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক লিমিটেড, শাহজালাল উপশহর শাখা, রোজভিউ কমপ্লেক্স (২য় তলায়)] | ২৬/০৬/২০২৫ থেকে ১৪/০৭/২০২৫ সকাল ১০.০০ টা থেকে ২.০০ টা |
| ০৩। | আবেদন ফরম, ডিপোজিট স্লিপ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজে জমা দেয়ার তারিখঃ | |

সৈয়দ মহসিন আহমদ (এড্ভোকেট)
এল-এল,বি(অনার্স) এল-এল,এম
অধ্যক্ষ
সিলেট ল' কলেজ, সিলেট